

নং-১৮.০০.০০০০.০২৪.১১.০১১.১৯-১৭৯

তারিখ: ৩০ জুলাই, ২০২০ খ্রিঃ।

প্রজ্ঞাপন

নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌপরিবহন অধিদপ্তরের “প্রসিকিউটিং অফিসার” ২য় শ্রেণি (১০ম গ্রেড) এর নন-ক্যাডার পদে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৮.১২.২০১৯ তারিখের ৮০.১০৬.০১১.০২.১৮.০০৩.২০১৮[অংশ-৫]-১৯৩ নং স্মারক পত্রে সুপারিশকৃত প্রার্থী জনাব বেলাল হোসাইন, পিতা- আব্দুর রাজ্জাক মুন্সি, মাতা- ফরিদা বেগম, গ্রাম/শহর- মাঝগ্রাম, ডাকঘর- সুতাবাড়ীয়া, থানা/উপজেলা- গলাচিপা, জেলা- পটুয়াখালীকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১৬০০০-৩৮৬৪০/- টাকা বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ করা হলো।

২। শর্তাবলী:

- (ক) বর্তমান নিয়োগকারী কর্তৃপক্ষের ছাড়পত্র (প্রযোজ্য হলে) যোগদানের সময় দাখিল করতে হবে।
- (খ) তাঁকে দুই বৎসর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তাঁকে চাকুরিতে বহাল রাখার অনুপযোগী বলে বিবেচিত হয়, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে।
- (গ) শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে চাকুরিতে স্থায়ী করা হবে।
- (ঘ) যদি তিনি বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করতে অস্বীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- (ঙ) চাকুরির জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে।
- (চ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে উল্লিখিত হয়নি এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে।
- (ছ) ভবিষ্যতে পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করতে পারবে।
- (জ) এই চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

৩। উপরোক্ত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ২৭ আগস্ট, ২০২০ তারিখের মধ্যে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর বরাবর যোগদান পত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময় সীমার মধ্যে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে অসম্মত বিবেচনাপূর্বক এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-

(ড. মোহাম্মদ শহীদ হোসেন চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭১৭৭০।
অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-


পূর্ব পৃষ্ঠা হতে-

নং-১৮.০০.০০০০.০২৪.১১.০১১.১৯- ১৭৯

তারিখ: ৩০ জুলাই, ২০২০ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতা অনুসারে নহে):

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী সংখ্যার গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সচিব মহোদয় একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নৌপরিবহন মন্ত্রণালয়, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১১। অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। জনাব বেলাল হোসাইন, পিতা- আব্দুর রাজ্জাক মুনসি, মাতা- ফরিদা বেগম, গ্রাম/শহর- মাঝগ্রাম, ডাকঘর- সুতাবাড়ীয়া, থানা/উপজেলা- গলাচিপা, জেলা- পটুয়াখালী।



(ড. মোহাম্মদ শহীদ হোসেন চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব